DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 15 Jul 2026, 06:34 PM

আন্তর্জাতিক

# চীনের □জুতার রাজধানী□ জিনজিয়াংয়ে কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডে, নিহত ২৮

প্রতিবেদক: ঢাকা প্রোব আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৯ জুলাই ২০২৬, ১০:১৬ PM



ছবি সংগৃহীত

চীনের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় শহর জিনজিয়াংয়ের একটি জুতার কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডে কমপক্ষে ২৮ জন নিহত হয়েছেন। বৃহস্পতিবার দেশটির রাষ্ট্রীয় বার্তা সংস্থার সিনহুয়ার বরাত দিয়ে বিবিসির এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে।

সিনহুয়ার প্রকাশিত এক নাটকীয় ভিডিওতে দেখা গেছে, জিনজিয়াংয়ের একটি ভবন থেকে কালো ধোঁয়ার বিশাল কুণ্ডলী আকাশে উড়ছে এবং কিছু মানুষ ভবনের ছাদে আটকা পড়েছেন।

দেশটির প্রেসিডেন্ট শি জিনপিং বলেছেন, এই অগ্নিকাণ্ডে □ব্যাপক হতাহতের□ ঘটনা ঘটেছে। এই ঘটনার জন্য দায়ীদের অবশ্যই □কঠোর জবাবদিহির□ আওতায় আনা হবে বলে ঘোষণা দিয়েছেন তিনি।

ফুজিয়ান প্রদেশের জিনজিয়াং শহরকে প্রায়ই চীনের □জুতার রাজধানী□ হিসেবে অভিহিত করা হয়। বিশ্বের মোট স্পোর্টস জুতার (কেডস কিংবা স্নিকার্স) ২০ শতাংশই এই শহরে তৈরি হয়।

বৃহস্পতিবার স্থানীয় সময় দুপুর ১২টার দিকে □হুইতেং ফুটওয়্যার□ কারখানায় এই অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়।

রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম সিসিটিভি বলেছে, খবর পেয়ে শত শত উদ্ধারকর্মী দ্রুত ঘটনাস্থলে ছুটে যান এবং সেখান থেকে দুই শতাধিক মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়। তবে এই ঘটনায় ঠিক কতজন আহত হয়েছেন, তা এখনও স্পষ্ট নয়।

প্রাথমিকভাবে কারখানার নিচতলা থেকে আগুনের সূত্রপাত হতে পারে বলে ধারণা করা হচ্ছে; যেখানে দাহ্য পদার্থ মজুত করে রাখা হয়েছিল।

সিনহুয়ার প্রতিবেদনে বলা হয়েছে, স্থানীয় কর্তৃপক্ষ ইতোমধ্যে কারখানার মালিকপক্ষের হয়ে কাজ করা কয়েকজন কর্মচারীকে আটক করেছে এবং ওই প্রতিষ্ঠানের ব্যাংক অ্যাকাউন্ট জব্দ করা হয়েছে।

গত নভেম্বরে হংকংয়ের কয়েকটি বহুতল আবাসিক ভবনে লাগা আগুনে ১৬৮ জনের মৃত্যুর পর চীনজুড়ে বহুতল ভবনগুলোতে অগ্নিকাণ্ড প্রতিরোধে বিশেষ অভিযান শুরু করেছে দেশটির কর্তৃপক্ষ।

---

## এ বিভাগের আরও খবর



**আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুতে হামলার হুমকি ট্রাম্পের**
যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তেহরান সমঝোতার পথে না এলে আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুগুলোতে যুক্তরাষ্ট্রের...



**বীজ বিক্রেতা থেকে যেভাবে বিশ্বসেরা কফি ব্র্যান্ড হলো স্টারবাকস**
সময়টা ১৯৮৩ সাল। স্টারবাকস তখন কেবল কফির বীজ বিক্রির একটি সাধারণ প্রতিষ্ঠান। আর হাওয়ার্ড শুল্টজ ছিলেন সেই কোম্পানির মার্কেটিং ডিরেক্টর। ব্যব...



### যৌন নিপীড়নের দায়ে অবশেষে ৫৬ লাখ ডলার জরিমানা দিলেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অবশেষে লেখক ও সাবেক কলামিস্ট ই. জিন ক্যারলকে যৌন নিপীড়ন ও মানহানি মামলায় আদালতের নির্দেশ অনুযায়ী ৫৬ লাখ...



### মার্কিন হামলায় ইরানে নিহত ৩০

ইরানের দক্ষিণাঞ্চলে সাম্প্রতিক মার্কিন হামলায় ৩০ জনেরও বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছেন বলে দাবি করেছে তেহরান। বুধবার দেশটির সরকারি মুখপাত্র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/chiner-jutar-rajdhani-jinjiyangye-karkhanay-bhyabh-ognikande-niht-28